# মধুখালী পৌরসভা কার্যালয়
উপজেলা ঃ মধুখালী, জেলা ঃ ফরিদপুর।
www.Mahukhalipourashava.gov.bd
ফোন ঃ (০৬৩২৬) ৫৬০২০, ফ্যাক্স ঃ (০৬৩২৬) ৫৬০০৭


মুজিব শতবর্ষ MUJIB 100

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ১৪/০২/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারন সভার কার্য- বিবরণী।

১৪/০২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ ঃ মঙ্গলবার সকাল- ১০.৩০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্য- বিবরণী।

**উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

১। জনাব রেশমা আক্তার
২। জনাব নাজমা সুলতানা
৩। জনাব রেশমা আক্তার
৪। জনাব মোঃ কামরুজ্জামান বাবু
৫। জনাব মির্জা আবু জাফর
৬। জনাব মির্জা আব্বাস হোসেন
৭। জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন
৮। জনাব এ.এইচ.এম তৌফিক শরাফী
৯। জনাব কবির মন্ডল
১০। জনাব মোসাঃ রেহেনা পারভীন
১১। জনাব মোঃ মোশারফ হোসেন

**উপস্থিত কর্মকর্তাগন ঃ**

১। জনাব মোঃ হেমায়েত হোসেন
২। জনাব মোঃ গোলাম আজম

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এবং পৌর নির্বাহী কর্মকর্তা,মধুখালী পৌরসভাকে সভা পরিচালনার দায়িত্ব দেন।

**আলোচনা**

**আলোচ্যসূচী-১ঃ বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।**

বিগত সভার কার্য- বিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-০২ ঃ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২৩ইং উদযাপন সংক্রান্ত বিষয়ে আলোচনা**

সভার শুরুতে মেয়র মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি উপস্থিত সকলকে আগামী ২১ শে ফেব্রুয়ারী/২০২৩ এ অনুষ্ঠিতব্য মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের বিষয়ে সবাইকে আলোচনার জন্য অনুরোধ জানান।

এ বিষয়ে অত্র পৌরসভার ০২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আবু জাফর জানান যে, প্রতি বছরের ন্যায় এবার ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কেন্দীয় শহীদ মিনারে পৌরসভার পক্ষে পুস্প-স্তবক অর্পনের সুপারিশ করেন।

CamScanner

এ বিষয়ে আরো অত্র পৌরসভার ০১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ কামরুজ্জামান বলেন যে, পৌরসভার সকল কর্মকর্তা/কর্মচারী সকাল-৭.৩০ ঘটিকার মধ্যে কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে উপস্থিত থাকবেন এবং সকলের সকালের নাস্তার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

উপরোক্ত আলোচনার উপর সকল কাউন্সিলরবৃন্দ একমত পোষন করে বলেন সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও মহান শহীদ দিবস পালনের আহবান জানান।

সিদ্ধান্ত ঃ

(১) উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে পুস্প-স্তবক অর্পনের সিদ্ধান্ত গৃহীত হয়।
(২) সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং সকল কর্মকর্তা/কর্মচারীদের সকাল-৭.৩০ ঘটিকায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০৩ ঃ সরকারি হোল্ডিং এর রি-এ্যাসেসমেন্ট চূড়ান্ত করন প্রসঙ্গে।

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা পৌরসভা সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর/২০২২ মাসে সরকারি প্রতিষ্ঠানের ৩১টি হোল্ডিং এর বিপরীতে রি-এ্যাসেসমেন্টের জরিপ কাজ সম্পন্ন করে আপত্তি শুনানীর জন্য নোটিশ প্রদান করা হয়। জানুয়ারী/২০২৩ইং মাসে ১৬ টি হোল্ডিং এর আপত্তি না থাকায় ধার্যকৃত পৌরকর চূড়ান্তপূর্ন করে পৌরকরের বিল প্রদান করা হয়েছে।

বিষয়টি অবহিত হয়ে উপস্থিত কাউন্সিলরবৃন্দ একমত পোষন করে পৌরকর আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সরকারি প্রতিষ্ঠানের পৌরকরের অর্থ জুন/২০২৩ইং মাসের মধ্যে আদায়ের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০৪ ঃ হাট বাজার ইজারা প্রসঙ্গে আলোচনা

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা পৌরসভা সভাকে অবহিত করেন যে, হাট বাজারের ইজারা দরপত্র বিজ্ঞপ্তির স্মারক নং-মধুঃ/পৌরঃ/২০২২-২০২৩/২৩৬,তারিখ-১৬/০১/২০২৩খ্রিঃ অনুযায়ী গত ০৬/০২/২০২৩ ইং তারিখে ০৭ (সাত) টি ইজারা মহলের দরপত্র দাখিল হয়। দাখিলকৃত দরপত্র সমূহ দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করে সরকারি ইজারা মূল্য অপেক্ষা দর বেশী দাখিল করায় নিম্নবর্নিত ০৭ টি মহলের পার্শ্বে বর্নিত সর্বোচ্চ ইজারামূল্য ১৪৩০ বঙ্গাব্দ সালের ইজারা প্রদানের সুপারিশ করা হয়। যা নিম্নরূপঃ

| ক্রঃ নং | হাট-বাজার ও মহল সমূহের নাম | ইজারাদারের নাম ও ঠিকানা | ১৪৩০ বাংলা সনের জন্য সর্বোচ্চ দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ |
| ০১। | মাছ বাজার | মোঃ হিমেল বিশ্বাস<br>পিতাঃ মোঃ শাহিদুল বিশ্বাস<br>মহল্লাঃ পশ্চিম গাড়াখোলা<br>মধুখালী, ফরিদপুর। | ৭,১৫,০০০/= | |
| ০২। | পাট ও ভূষি মালের বাজার<br>(ধান ও বস্তা ব্যতীত) | মোঃ মনিরুল ইসলাম মিয়া<br>পিতাঃ মৃত- রফিকউদ্দিন মিয়া<br>মহল্লাঃ মধুখালী বাজার<br>মধুখালী, ফরিদপুর। | ২,০১,০০০/= | |
| ০৩। | মরিচ ও কুমড়ার বাজার<br>(ধানের চারা ও পিয়াজের চারাসহ) | মোঃ শাজাহান শেখ<br>পিতাঃ মৃত- হাচন শেখ<br>মহল্লাঃ গোন্দারদিয়া<br>মধুখালী, ফরিদপুর। | ২৫,১০,১১০/= | |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | মূল বাজার (ধান ও বস্তাসহ অন্যান্য সব) | মোঃ শাজাহান শেখ<br>পিতাঃ মৃত- হাচন শেখ<br>মহল্লাঃ গোন্দারদিয়া<br>মধুখালী, ফরিদপুর। | ২৫,৫৬,১৫০/= | |
| ০৫। | মেছড়দিয়া মোড় বাজার | মোঃ মোতালেব মোল্যা<br>পিতাঃ মৃত- ওদুদ মোল্যা<br>মহল্লাঃ বনমালিদিয়া<br>মধুখালী, ফরিদপুর। | ২,৮২,০০০/= | |
| ০৬। | পৌর জবেহখানা | মোঃ টুটুল বিশ্বাস<br>পিতাঃ মৃত-শহিদ বিশ্বাস<br>মহল্লাঃ পশ্চিম গাড়াখোলা<br>মধুখালী, ফরিদপুর। | ২,১০,১১০/= | |
| ০৭। | মিলগেট বাজার | মোঃ হিমেল বিশ্বাস<br>পিতাঃ মোঃ শাহিদুল বিশ্বাস<br>মহল্লাঃ পশ্চিম গাড়াখোলা<br>মধুখালী, ফরিদপুর। | ১,৫১,১০০/= | |

উপস্থিত সদস্যবৃন্দ বিষয়টি অবহিত হয়ে সর্বোচ্চ দরদাতার নামে ১৪৩০ বাংলা সালের জন্য দাখিলকৃত সর্বোচ্চ দরে ইজারা প্রদানের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে,উপরিউল্লেখিত ০৭ (সাত) টি ইজারা মহল পার্শ্বে বর্নিত ইজারা দরের অনুকূলে দাখিলকৃত সর্বোচ্চ দরে ১৪৩০ বঙ্গাব্দ সালের সময়ের জন্য ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫

বিবিধ (ক) স্বেচ্ছায় অবসর গ্রহন প্রসঙ্গেঃ

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা মধুখালী পৌরসভা, সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভার নৈশ প্রহরী জনাব মোঃ আলমগীর হোসেন আগামী ০১/০৫/২০২৩ ইং তারিখ চাকুরী হতে স্বেচ্ছায় অবসর গ্রহনের আবেদন দাখিল করেছেন। সরকারি বিধি মোতাবেক কোন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তার অভিপ্রায় ব্যক্ত পূর্বক ০৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে চাকুরী ত্যাগ করিতে পারিবেন। এক্ষেত্রে জনাব আলমগীর হোসেন ০৩ (তিন) মাস পূর্বে চাকুরী হতে ইস্তফাদানের ইস্তফাপত্র দাখিল করায় তার ইস্তফাপত্র বিধি মোতাবেক গ্রহন করত: সরকারি বিধি বিধান অনুযায়ী প্রাপ্য পাওনাদী পরিশোধ স্বাপেক্ষে আগামী ১লা মে-২০২৩ ইং হতে চাকুরী হতে অব্যাহতি দেওয়ার বিষয়ে প্রস্তাব করেন।

এ বিষয়ে অত্র পৌরসভার ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন বলেন চাকুরী হতে স্বেচ্ছায় অবসর দানের ব্যাপারে সরকারি বিধি বিধান অনুসরন করতঃ তার ইস্তফাপত্র মঞ্জুর করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। তার বক্তব্যের সাথে উপস্থিত অন্যান্য কাউন্সিলরবৃন্দ একমত পোষন করেন এবং প্রাপ্তি পাওনাদী হিসাবান্তে পরিশোধের সুপারিশ করেন।

CS CamScanner

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে,নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো।

(ক) জনাব আলমগীর হোসেন, নৈশ প্রহরী মধুখালী পৌরসভা এর স্বেচ্ছায় অবসর গ্রহনের আবেদনের প্রেক্ষিতে আগামী ০১-০৫-২০২৩ইং তারিখ পূর্বাহ্নে হতে চাকুরী হতে স্বেচ্ছায় অবসর প্রদানের সুপারিশ গ্রহীত হলো।

(খ) পৌরসভার যোগদানের তারিখ হতে তার চাকুরীকাল হিসাব করত: প্রাপ্য পাওনাদী সরকারি বিদি বিধান মোতাবেক পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হইল।

(গ) স্বেচ্ছায় অবসর জনিত কারণে প্রাপ্য আর্থিক সুবিধাদী সরকারি বিধি মোতাবেক পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হইল।

বিবিধ (খ) টাইলস দ্বারা বঙ্গবন্ধু ম্যুরাল পুন:নির্মান করন প্রসঙ্গেঃ

এ বিষয়ে অত্র পৌরসভার প্যানেল মেয়র- ২ ও ০৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোশারফ হোসেন বলেন যে, মধুখালী পৌরসভার মধ্যে অবস্থিত বঙ্গবন্ধু ম্যুরালটি ৪ হতে ৫ বছর পূর্বে সংস্কার করা হয়। বর্তমানে ম্যুরালটির অবস্থা অত্যন্ত শোচনীয়। রোদ বৃষ্টিতে ম্যুরালটি রং চোটে গিয়েছে এবং উজ্জ্বলতা হ্রাস পেয়েছে। যার ফলে পৌরসভার ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। ২৬ শে মার্চ/২০২৩ খ্রিঃ এর পূর্বেই ম্যুরালটি পুন:নির্মান করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ একমত পোষন করেন এবং ম্যুরালটি পুন:নির্মানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে,উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় টাইলস দ্বারা বঙ্গবন্ধু ম্যুরাল পুন:নির্মান করনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রকৌশল শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করেন।

বিবিধ (গ) পৌরসভার মাষ্টার প্লান প্রনয়ন প্রসঙ্গেঃ

সভার সভাপতি ও মেয়র, মধুখালী পৌরসভা মহোদয় সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৫৯৬.২০২১.৯৪৮, তাং-২২/১১/২০২২ ইং এর মাধ্যমে মধুখালী পৌরসভার Resilient Urban and Territorial Development Project (RUTDP) শীর্ষক প্রকল্পে অন্তর্ভূক্ত হয়েছে। প্রকল্পের শর্তানুযায়ী প্রকল্প অফিস কর্তৃক নিয়োজিত পরামর্শকবৃন্দ গত ১৩/০১/২০২৩ ইং তারিখে পৌরসভা হলরুমে পৌর পরিষদ, কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও সুশীল সমাজের নাগরিকবৃন্দের সাথে Workshop করে সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) সম্পন্ন করেন। Feasibility Study অনুযায়ী অত্র পৌর এলাকায় ভৌত অবকাঠামো উন্নয়ন তথা রাস্তা-ঘাট, ড্রেন, মার্কেট, কসাইখানা, শিশু পার্ক, ফুটপাত ইত্যাদি উন্নয়নের জন্য ২৭৪ কোটি টাকার সম্ভাব্য ব্যয় নির্ধারণ করেন। প্রাথমিকভাবে সম্ভাব্যতা যাচাই শেষে RUTDP দপ্তরে চূড়ান্ত প্রস্তাবনা তৈরির কাজ চলমান রয়েছে। RUTDP চাহিদা অনুযায়ী পৌরসভার মৌজা ম্যাপ ও মাস্টার প্লান দাখিলের জন্য বলা হয়েছে। মাস্টার প্লান প্রনয়নের জন্য প্রায় ২০ লক্ষ হতে ২৫ লক্ষ টাকার মতো প্রয়োজন হবে। যা পৌরসভার রাজস্ব আয় হতে ব্যয় নির্বাহ করতে হবে। উক্ত ব্যয় নির্বাহের প্রস্তাবনা চলতি বৎসরের সংশোধিত বাজেট প্রনয়ন করতে হবে। মাস্টার প্লান প্রনয়নের বিষয়ে উপস্থিত কাউন্সিলরদের মতামত চেয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

এ বিষয়ে ০৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোশারফ হোসেন বলেন মাস্টার প্লান একটি ব্যাপক তথ্য সম্বলিত ডকুমেন্টস হওয়ায় তা প্রনয়ন করা সময় স্বাপেক্ষ ব্যাপার এবং মাস্টার প্লান প্রনয়নে পৌরসভা ব্যাপক কারিগরি দক্ষতা না থাকায় যে কোন পরামর্শক ফার্মের মাধ্যমে করা যেতে পারে।

এ বিষয়ে ১,২,৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোসাঃ রেশমা আক্তার বলেন যে,পরামর্শক ফার্মের সাথে যোগাযোগ করে মাস্টার প্লান প্রনয়নের কাজ সম্পন্নের জন্য মেয়র মহোদয়কে দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন।

CamScanner

এ বিষয়ে ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন বলেন মাস্টার প্লান প্রনয়নে দক্ষ পরামর্শক ফার্মের কোটেশন/দরপত্রের মাধ্যমে চুক্তিবদ্ধ হয়ে মধুখালী পৌরসভায় মাস্টার প্লান প্রনয়নের প্রস্তাব করেন। বিষয়টির উপর অন্যান্য সদস্যাবৃন্দ একমত পোষন করে মাস্টার প্লান প্রনয়নের কাজ সম্পন্নের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

(ক) পৌরসভার মাস্টার প্লান পরামর্শক ফার্মের মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রয়োজনীয় ব্যয় পৌরসভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) কোটেশন/দরপত্রের মাধ্যমে পরামর্শক কনসালটেন্ট ফার্ম নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।

(গ) মাস্টার প্লানের সম্ভাব্য ব্যয়ের অর্থ চলতি অর্থ বৎসরের সংশোধিত বাজেটে সংযোজন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০১.২৩

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
১৪/০২/২০২৩
তারিখঃ-১৪/০২/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-মধুঃ/পৌরঃ/২০২৩/ ২৮৪/১(১)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

০১। সচিব মহোদয়
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪.০১.২৩

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।
১৪/০২/২০২৩

২। অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে পেরণ করা হলো।

জনাব .....................................
কাউন্সিলর, ওয়ার্ড নং--------------
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

CamScanner